

পাঠ্য  
কম্পিউটার  
Digital website  
www.dnc.pabna.gov.bd  
Bulduin  
20/05/24

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
জেলা কার্যালয়, পাবনা

website: www.dnc.pabna.gov.bd

স্মারক নং ৫৮.০২.০০০০.১৪৯.২৩.০০১.২৬. ৯৬৫

তারিখ: ২৬ বৈশাখ, ১৪৩৩  
০৬মে, ২০২৬

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষে মাদকবিরোধী রচনা প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।

সূত্র: প্রধান কার্যালয়ের অপারেশনস অধিশাখার স্মারক নং- ২৭০, তারিখ- ১৬/০৪/২০২৬ প্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জুন, ২০২৬ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে আগামী ১৭/০৫/২০২৬ তারিখের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজন সম্পন্ন পূর্বক প্রতিটি গ্রুপের প্রতিযোগীদের মধ্যে হতে প্রথম স্থান নির্ধারণ পূর্বক রচনাসহ মূল্যায়নপত্র বিভাগীয় কার্যালয়ে প্রেরণের জন্য প্রধান কার্যালয় থেকে সূত্রোক্ত স্মারকপত্রমূলে নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে বিভাগীয় কার্যালয় জেলাসমূহ থেকে প্রাপ্ত ফলাফল মূল্যায়ন কমিটি গঠন পূর্বক মূল্যায়ন করে প্রতিটি গ্রুপে প্রথম স্থান নির্ধারণ পূর্বক রচনাসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। বিভাগীয় কার্যালয় সমূহ হতে প্রাপ্ত ফলাফল দ্বিতীয় মূল্যায়ন কমিটি গঠন পূর্বক প্রতিটি গ্রুপে প্রথম স্থান অধিকারীকে জাতীয়ভাবে পুরস্কৃত করা হবে। তিনটি গ্রুপে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। গ্রুপ এবং রচনা প্রতিযোগিতার বিষয় নিম্নরূপ:-

ক্রমিক নং	বিভাগ/গ্রুপ	শ্রেণী	২০২৬ সালের জন্য রচনার বিষয়বস্তু
০১	ক গ্রুপ	৬ষ্ঠ, ৭ম, ৮ম বা সমমান (সর্বোচ্চ ১০০০ শব্দ)	সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা
০২	খ গ্রুপ	৯ম, ১০ম বা সমমান (সর্বোচ্চ ১৫০০ শব্দ)	তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামীর বাংলাদেশ
০৩	গ গ্রুপ	একাদশ, দ্বাদশ, দ্বাতক বা সমমান (সর্বোচ্চ ২০০০ শব্দ)	মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মানের ভিত্তি


প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। পাবনা জেলার সকল স্কুল, কলেজ, মাদ্রাসার আশ্রয়ী ছাত্র/ছাত্রীরা গ্রুপ অনুসারে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রেমেই রচনার ফটোকপি গ্রহণ যোগ্য নয়।
- ৩। রচনার সাথে আলাদা কাগজে প্রতিযোগির নাম, পিতা/ অভিভাবকের নাম, সদ্যতোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী, রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/ প্রেরণ করতে হবে।
- ৫। খামের উপর রচনা প্রতিযোগিতা: "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৬" এবং প্রতিযোগির গ্রুপ উল্লেখ করতে হবে।

এমতাবস্থায়, আপনার নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে আগামী ১৪/০৫/২০২৬ তারিখের মধ্যে উক্ত রচনা প্রতিযোগিতার আয়োজন করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

বিদ্র: জেলা পর্যায়ে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতার প্রতিটি গ্রুপে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনা কর্তৃক পুরস্কৃত করা হবে।

জেলা শিক্ষা অফিসার  
পাবনা।


  
০৬-০৬-২০২৬  
(মোহাম্মদ শহিদুল মান্নান কবীর)  
উপপরিচালক  
মোবাইল: ০১৪০৪০৭২৪২৫

স্মারক নং-জেশিত/পাব/২০২৬/৪৯৪

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
১০ মে ২০২৬খ্রি.

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) পাবনা, পত্রের সর্মানুযায়ী গ্রুপ ভিত্তিক ও রচনার বিষয়বস্তু এবং প্রতিযোগিতার নিয়মাবলী অনুসরণ করে রচনা আগামী ১৪/০৫/২০২৬খ্রি: দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২। অফিস কপি।

  
(মো: আব্দুর রাস্তাক)  
জেলা শিক্ষা অফিসার  
পাবনা

ফোন: ০১৪০৪০৭২৪২৫